# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd


স্মারক নম্বর : এনসিটিবি/প্রাশিউ/এসআরএম/২০১৯/৬৯১ তারিখ: ১৫ /০৫/২০২৩ খ্রিঃ

বিষয়: সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা এনসিটিবির ওয়েবসাইটে আপলোড করা প্রসংঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়কে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রাথমিক শিক্ষাক্রম উইং কর্তৃক সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা তৈরী করা হয়েছে । প্রস্তুতকৃত নীতিমালা ২৭/১২/২০২২ তারিখের ৭৩৫তম জরুরী বোর্ড সভার ০১ নং সিদ্ধান্ত অনুযায়ী অনুমোদিত হয়েছে(কপি সংযুক্ত) । এক্ষণে অনুমোদিত সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা এনসিটিবির ওয়েবসাইটে আপলোড করা প্রয়োজন।

অতএব সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা এনসিটিবির ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

উপ-সচিব (প্রশাসন)

১৫/০৫/২০২৩
সদস্য(প্রাথমিক শিক্ষাক্রম)
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
বাংলাদেশ

চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
বাংলাদেশ

| চেয়ারম্যান মহোদয়ের দপ্তর | |
|---|---|
| তারিখ ১৫/০৫/২০২৩ | |
| ডায়রী নং | |
| সদস্য (অর্থ) | |
| সদস্য (পাঠ্যপুস্তক) | |
| সদস্য (শিক্ষাক্রম) | |
| সদস্য (প্রাথমিক শিঃ) | |
| সচিব | |

# সম্পূরক পঠনসামগ্রী নির্বাচন নীতিমালা

## ১. ভূমিকা

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা বর্তমান সরকারের অন্যতম অঙ্গীকার। বাংলাদেশের জাতীয় সংবিধান ও জাতীয় শিক্ষানীতি ২০১০ এ সকল নাগরিকের জন্য সার্বজনীন শিক্ষার এই আকাংক্ষা প্রতিফলিত হয়েছে। শিক্ষা সংশ্লিষ্ট টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাতেও "সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক গুণগত শিক্ষা নিশ্চিতকরণ এবং জীবনব্যাপী শিক্ষালাভের সুযোগ সৃষ্টি" করার অঙ্গীকার ব্যক্ত হয়েছে। এই লক্ষ্যমাত্রার অন্যতম বৈশ্বিক সূচক হচ্ছে, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণিতে শিক্ষার্থীর পঠনদক্ষতা নিশ্চিতকরণ। কেননা পঠনদক্ষতা নিশ্চিত হলেই জীবনব্যাপী শিখনের ভিত্তি স্থাপিত হয় এবং স্বশিখন অব্যাহত রাখা যায়।

পঠনদক্ষতা অর্জনে শিক্ষার্থীদের সহায়তা করার জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড শিশুদের শিখন চাহিদা বিবেচনা করে পাঠ্যপুস্তক প্রণয়ন করে থাকে। তবে পঠনদক্ষতা অর্জন এবং পাঠাভ্যাস শক্তিশালী করার জন্য কেবল পাঠ্যপুস্তকই যথেষ্ট নয়। এ কারণেই জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড জাতীয় শিক্ষাক্রমের মৌলিক দর্শন অনুসরণ করে শিশুদের শিখন চাহিদা অনুযায়ী পাঠ্যপুস্তক প্রণয়নের পাশাপাশি সম্পূরক পঠনসামগ্রী নির্বাচন ও প্রণয়ন করে থাকে।

প্রাথমিক স্তরে প্রচলিত শিক্ষা-কার্যক্রমকে অধিকতর ফলপ্রসূ করার জন্য প্রয়োজন অনুযায়ী নিয়মিত বিরতিতে শিক্ষাক্রম পরিমার্জন করে থাকে। শিক্ষাক্রমের আলোকে পাঠ্যপুস্তকের সম্পূরক উপযুক্ত পঠনসামগ্রী নির্বাচন করার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করে "সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন নীতিমালা" প্রণয়ন করা হয়েছে যা অনুসরণ করে শিশুদের বয়সোপযোগী, চিত্তাকর্ষক, উপযুক্ত ও প্রাসঙ্গিক পঠনসামগ্রী প্রতিটি বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের হাতে তুলে দেওয়া হবে।

## ২. সংজ্ঞা

পাঠ্যপুস্তক সহায়ক অন্য যে পঠনসামগ্রী শিক্ষার্থীর শিখন প্রক্রিয়া সহজ, আনন্দময়, বিস্তৃত, কার্যকর ও তরান্বিত করার জন্য এবং শিক্ষাক্রমে বর্ণিত জ্ঞান,দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনে সহায়ক হিসেবে কাজ করে তাই সম্পুরক পঠন সামগ্রী। উল্লেখ্য, সম্পূরক পঠন সামগ্রী কখনোই পাঠ্যপুস্তকের বিকল্প নয়।

## ৩. উদ্দেশ্য

- পড়তে শেখা ও পঠন চর্চা
- পঠনের অভ্যাস গড়ে তোলা
- কোনো বিষয়কে গভীর ভাবে জানা
- স্বাধীনভাবে তথ্য সংগ্রহে উৎসাহী করে তোলা
- পঠনের মাধ্যমে আনন্দ লাভ এবং নিজেকে সমৃদ্ধ করা
- কৌতূহল জাগ্রত করা

## ৪. পরিধি

প্রাথমিক পর্যায়ের ১ম-৫ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের ব্যবহারের জন্য এ পঠনসামগ্রী ব্যবহৃত হবে।

## ৫. সাধারণ নির্দেশনা

৫.১. দেশপ্রেম, মহান মুক্তিযুদ্ধের চিন্তা-চেতনা এবং বঙ্গবন্ধুর জীবন ও কর্মের প্রতিফলন থাকবে;

৫.২. রাষ্ট্রীয় দর্শন, ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, মানবিক ও সামাজিক মূল্যবোধ, ধর্মীয় মতাদর্শ এবং বিভিন্ন জনগোষ্ঠীর প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করতে হবে;

৫.৩. ধ্বনি, বর্ণ, শব্দ, বাক্যের ব্যবহার হবে পর্যায়ক্রমিক ও সহজে অনুধাবনযোগ্য ;

৫.৪. বিষয়বস্তুর অনুক্রম হবে জানা থেকে অজানা ,সহজ থেকে কঠিন, কাছে থেকে দূরে, মূর্ত থেকে বিমূর্ত;

৫.৫. শিক্ষার্থীর বয়স,সামর্থ্য, শ্রেণি ও মানসিক পরিপক্কতা বিবেচনায় রেখে পঠনসামগ্রী নির্বাচন করতে হবে;

৫.৬. উদাহরণ ও ছবি/চিত্র প্রাসঙ্গিক এবং নিকট পরিবেশ থেকে হতে হবে;

৫.৭. প্রথম ও দ্বিতীয় শ্রেণির সম্পূরক পঠন-সামগ্রীতে ছবি, চিত্র ও অংলকরণের আধিক্য থাকবে;

৫.৮. বিষয়বস্তু এবং অলংকরণে শিক্ষাক্রমে বর্ণিত জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির প্রতিফলন থাকবে;

৫.৯. তথ্য ও ধারণাসমূহ প্রাসঙ্গিক, প্রামাণিক / সাম্প্রতিক হতে হবে;

## ৬. বিষয়বস্তু

৬.১. মহান মুক্তিযুদ্ধের চিন্তা-চেতনা , ইতিহাস ও বীরত্বগাথা সংবলিত বিষয়;

৬.২. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন ও কর্ম সম্পর্কিত বিষয়;

৬.৩. মহান ভাষা আন্দোলনের চেতনায় মাতৃভাষার প্রতি অনুরাগ সৃষ্টি করে এমন বিষয়;

৬.৪. পাকিস্তানি দখলদার হানাদারবাহিনী, রাজাকার, আলবদর, আল-শামসসহ যুদ্ধাপরাধীদের নৃশংসতার বিষয় ;

৬.৫. বাঙালির ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির বিষয় ;

৬.৬. জাতীয় ও আন্তর্জাতিক ব্যক্তিত্ব ও মনীষীদের জীবন ও কর্ম সম্পর্কিত বিষয়

৬.৭. জাতি, ধর্ম, বর্ণ, জেন্ডার নির্বিশেষে সকল ক্ষেত্রে সম্প্রীতি ও সমদৃষ্টিভঙ্গি আনয়নের বিষয়বস্তু ;

৬.৮. প্রকৃতি, জলবায়ু পরিবর্তন সম্পর্কে সচেতনতা এবং জীববৈচিত্রের প্রতি ভালোবাসা সৃষ্টি করার বিষয়াবলি

৬.৯. কৃষি, নার্সারি ও সামাজিক বনায়ন সম্পর্কিত বিষয়

৬.১০. দুর্যোগ ব্যবস্থাপনা (ভুমিকম্প, অগ্নিকান্ড, বন্যা,খরা,জলোচ্ছ্বাস,নদী ভাঙ্গন,বজ্রপাত ইত্যাদি) সম্পর্কিত বিষয়;

৬.১১. মহাকাশ ও সমুদ্রের রহস্য সম্পর্কিত বিষয়;

৬.১২. দেশপ্রেম,মানবিকতা, নৈতিকতা, পরমতসহিষ্ণুতা, ন্যায়পরায়ণতা, পরার্থপরতা, সমমর্মিতা ও পারস্পরিক শ্রদ্ধাবোধ সম্পর্কিত বিষয়;

৬.১৩. পরিষ্কার পরিচ্ছন্নতা, স্বাস্থ্য সচেতনতা ও প্রাথমিক চিকিৎসার বিষয়াবলি ;

৬.১৪. ব্যক্তিগত ও সামাজিক নিরাপত্তা সংবলিত বিষয়াবলি;

৬.১৫. সামাজিক সমস্যা ও কুসংস্কার নিরসনে সচেতনতা সম্পর্কিত বিষয়াবলি ;

৬.১৬. প্রযুক্তিগত পরিবর্তন এবং এর নিরাপদ ব্যবহার সম্পর্কিত বিষয়াবলি ;

৬.১৭. যোগাযোগের মৌলিক দক্ষতা অর্জন সহায়ক বিষয়;

৬.১৮. গাণিতিক দক্ষতা অর্জন সহায়ক বিষয়;

৬.১৯. পারিবারিক, সামাজিক ও নৈতিক মূল্যবোধ সম্পর্কিত বিষয় ;

৬.২০. শিক্ষার্থীদের বিজ্ঞানমনস্ক করে তোলে এমন ধরনের দৈনন্দিন বিজ্ঞানভিত্তিক বিষয় ও কল্পকাহিনী ;

৬.২১. শিল্পকলা (চারু ও কারু কলা, আবৃত্তি, নৃত্য, সংগীত, অভিনয়) অনুশীলনে উৎসাহ প্রদান করে বিষয় ;

৬.২২. শিশুশ্রম, শিশু নির্যাতন, শিশু উত্যক্তকরণ (Bullying), শিশু পাচার প্রতিরোধ ও শিশু অধিকার সম্পর্কিত বিষয়;

৬.২৩. বিশ্বের বিভিন্ন দেশের শিশুদের জীবনধারা সম্পর্কিত বিষয়;

৬.২৪. বিশ্ব নাগরিকতা ও শান্তি শিক্ষা;

৬.২৫. খেলাধুলা ও শরীরচর্চার বিষয় ;

৬.২৬. লোককাহিনী, উপকথা ও রূপকথা;

৬.২৭. মানববৈচিত্র্য ও বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী সম্পর্কে সচেতনতামূলক বিষয় ;

## ৭. নির্বাচন প্রক্রিয়া

৭.১. সম্পূরক পঠনসামগ্রী নির্বাচন কমিটি নীতিমালায় প্রদত্ত মূল্যায়ন ছকের ভিত্তিতে সম্পূরক পঠন সামগ্রী নির্বাচন করবে।

৭.২. মুক্তিযুদ্ধ বিষয়ক পঠনসামগ্রী পর্যাপ্ত সংখ্যক নির্বাচন করতে হবে।

৭.৩. বঙ্গবন্ধুর জীবন ও কর্ম সম্পর্কিত পঠনসামগ্রী অগ্রাধিকার পাবে।

৭.৪. সম্পূরক পঠনসামগ্রী সংগ্রহের সময় বিষয়ভিত্তিক সমন্বয় থাকবে।

## ৭.৫. সম্পুরক পঠন সামগ্রী মূল্যায়ন ছক

১. কোড নম্বর:

২. বিষয়:

৩. শ্রেণি:

৪. সম্পুরক পঠন সামগ্রী জমাদানের তারিখ:

৫. সম্পুরক পঠন সামগ্রী মূল্যায়নের তারিখ

( প্রতিটি বিবেচ্য বিষয়ে ৫ মাত্রার রেটিং স্কেলে যথোপযুক্ত ঘরে টিক দিতে হবে। প্রতি ক্ষেত্রে পূর্ণ নম্বর ৫)

১. সম্পূর্ণরূপে করা হয়েছে - ৫

২. অধিকাংশ করা হয়েছে - ৪

৩. মোটামোটি অনুসৃত হয়েছে - ৩

৪. কোথাও কোথাও করা হয়েছে - ২

৫. মোটেই করা হয়নি - ১

| ক্রমিক | বিবেচ্য বিষয় | | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | রাষ্ট্রীয় দর্শন, ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, মানবিক ও সামাজিক মূল্যবোধ, ধর্মীয় মতাদর্শ এবং বিভিন্ন জনগোষ্ঠীর প্রতি যথাযথ সম্মান প্রদর্শন | : | | | | | |
| ২. | দেশপ্রেম, মহান মুক্তিযুদ্ধের চিন্তা-চেতনা এবং বঙ্গবন্ধুর জীবন ও কর্মের প্রতিফলন | : | | | | | |
| ৩. | শিক্ষাক্রম অনুসরণ | : | | | | | |
| ৪. | ভাষা সহজবোধ্য | | | | | | |
| ৫. | ধ্বনি, বর্ণ, শব্দ, বাক্যের পর্যায়ক্রমিক ব্যবহার | : | | | | | |
| ৬. | বিষয়বস্তুর অনুক্রম | : | | | | | |
| ৭. | শিক্ষার্থীর বয়স ও শ্রেণি অনুযায়ী যথাযথ | : | | | | | |
| ৮. | উদাহরণ ও ছবি/চিত্র প্রাসঙ্গিক | : | | | | | |
| ৯. | ছবি, চিত্র ও অংলকরণের অনুপাত | : | | | | | |
| ১০. | বিষয়বস্তু ও অলংকরণে শিক্ষাক্রমে বর্ণিত জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির যথাযথ প্রতিফলন | : | | | | | |
| ১১. | তথ্য ও ধারণাসমূহের উপস্থাপন প্রাসঙ্গিক, প্রামাণিক ও সাম্প্রতিক | : | | | | | |
| ১২. | বিষয়বস্তু নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ | : | | | | | |
| ১৩. | শ্রেণি উপযোগী ফন্ট সাইজ ব্যবহার | : | | | | | |
| ১৪. | কাগজ, ছাপা এবং বাঁধাই যথাযথ | : | | | | | |

প্রফেসর কুররাতুল আয়েন সফদার
বিসিএস (সাধারণ শিক্ষা), আইডি (৮৩৪০)
ঊর্ধ্বতন বিশেষজ্ঞ
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
শিক্ষা মন্ত্রণালয়

প্রফেসর ড. এ কে এম রিয়াজুল হাসান (২৩৫৭)
সদস্য (প্রাথমিক শিক্ষাক্রম)
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন নীতিমালা

## ১. ভূমিকা

সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা বর্তমান সরকারের অন্যতম অঙ্গীকার। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান ও জাতীয় শিক্ষানীতি ২০১০ এ সকল নাগরিকের জন্য সার্বজনীন শিক্ষার এই আকাংক্ষা প্রতিফলিত হয়েছে। শিক্ষা সংক্রান্ত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাতেও "সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক গুণগত শিক্ষা নিশ্চিতকরণ এবং জীবনব্যাপী সুযোগ সৃষ্টি" করার অঙ্গীকার ব্যক্ত হয়েছে। এই লক্ষ্যমাত্রার অন্যতম বৈশ্বিক সূচক হচ্ছে, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণিতে শিক্ষার্থীর পঠনদক্ষতা নিশ্চিতকরণ। কেননা পঠনদক্ষতা নিশ্চিত হলেই জীবনব্যাপী শিখনের ভিত্তি স্থাপিত হয় এবং স্বশিখন অব্যাহত রাখা যায়।

পঠনদক্ষতা অর্জনে শিক্ষার্থীদের সহায়তা করার জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড শিশুদের শিখন চাহিদা বিবেচনা করে পাঠ্যপুস্তক প্রণয়ন করে থাকে। তবে পঠনদক্ষতা অর্জন এবং পাঠাভ্যাস জোরদার করার জন্য কেবল পাঠ্যপুস্তকই যথেষ্ট নয়। এ কারণেই জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড জাতীয় শিক্ষাক্রমের মৌলিক দর্শন অনুসরণ করে শিশুদের শিখন চাহিদা অনুযায়ী পাঠ্যপুস্তক প্রণয়নের পাশাপাশি সম্পূরক পঠনসামগ্রী নির্বাচন ও প্রণয়ন করে থাকে।

প্রাথমিক স্তরে প্রচলিত শিক্ষা-কার্যক্রমকে অধিকতর ফলপ্রসূ করার জন্য প্রয়োজন অনুযায়ী নিয়মিত বিরতিতে শিক্ষাক্রম পরিমার্জন করে থাকে। শিক্ষাক্রমের আলোকে পাঠ্যপুস্তকের সম্পূরক উপযুক্ত পঠনসামগ্রী নির্বাচন করার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করে "সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন নীতিমালা" প্রণয়ন করা হয়েছে যা অনুসরণ করে শিশুদের বয়সোপযোগী, চিত্তাকর্ষক, উপযুক্ত ও প্রাসঙ্গিক পঠনসামগ্রী প্রতিটি বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের হাতে তুলে দেওয়া হবে।

## ২. সংজ্ঞা

শিক্ষাক্রমে বর্ণিত জ্ঞান,দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনে সহায়ক এবং শিক্ষার্থীর শিখন প্রক্রিয়া সহজ, আনন্দময়, বিস্তৃত, কার্যকর ও ত্বরান্বিত করে এমন শিখন সামগ্রীকে সম্পুরক পঠন সামগ্রী বলা হয়।

### উদ্দেশ্য

- পঠন দক্ষতা বৃদ্ধি করা ;
- পঠনের অভ্যাস গড়ে তোলা ;
- কোনো বিষয়কে গভীরভাবে জানা
- স্বাধীনভাবে তথ্য সংগ্রহে উৎসাহী করে তোলা ;
- পঠনের মাধ্যমে আনন্দ লাভ এবং নিজেকে সমৃদ্ধ করা ;
- কৌতূহল জাগ্রত করা।

## ৩. পরিধি

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১ম-৫ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের জন্য এ পঠন সামগ্রী ব্যবহৃত হবে।

## ৪. বিবেচ্য দিকসমূহ

### ৪.১. আঙ্গিক

৪.১.১. বইয়ের আকার : শিশুর বয়স অনুযায়ী সুবিধাজনক;
৪.১.২. ফন্ট সাইজ (ফন্ট সাইজ, ছবি, কালার ইত্যাদি ছক ১ অনুযায়ী হবে);
৪.১.৩. পৃষ্ঠা সংখ্যা : প্রথম ও ২য় শ্রেণির জন্য সর্বোচ্চ- ৪ ফর্মা, ৩য় থেকে ৫ম শ্রেণির জন্য সর্বোচ্চ ৬ ফর্মা;
৪.১.৪. কাগজ ও ছাপার মান : সর্বনিম্ন ১০০ gsm, ছাপার মান- আকর্ষণীয় ও স্পষ্ট;
৪.১.৫. বাঁধাই : টেকসই ও মজবুত

### ৪.২. ভাষা

৪. ২.১. সম্পূরক পঠনসামগ্রী প্রণয়নে বাংলা একাডেমির বানানরীতি অনুসরণ করতে হবে;
৪.২.২. ধ্বনি, বর্ণ, শব্দ, বাক্যের ব্যবহার হবে পর্যায়ক্রমিক ও সহজে অনুধাবনযোগ্য;
৪.২.৩. ফন্টের আকার ক্রমান্বয়ে বড় থেকে ছোট হবে;
৪.২.৪. শব্দের পূনরাবৃত্তি হবে;
৪.২.৫. ক্রমান্বয়ে নতুন নতুন শব্দ, বাক্য ও কাজের সাথে পরিচিত করাতে হবে;
৪.২.৬. শ্রেণির উপযোগী শব্দ ও বাক্যের উলম্ব ও আনুভূমিক বিন্যাস করতে হবে;
৪.২.৭. বাক্যানুক্রমিক পদ্ধতি অনুসরণ করতে হবে;
৪.২.৮. বিষয়বস্তুর অনুক্রম হবে জানা থেকে অজানা ,সহজ থেকে কঠিন, কাছে থেকে দূরে, মূর্ত থেকে বিমূর্ত,বিশেষ থেকে সার্বিক;
৪.২.৯. যুক্তাক্ষরের পরিসর ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে;
৪.২.১০. বাক্যে শব্দ সংখ্যা ৫ এর বেশি হবে না;
৪.২.১১. কোনো বিষয়ের ভাবার্থ একটির বেশি হবে না;
৪.২.১২ সরল অর্থ প্রকাশ করে এমন শব্দ ব্যবহার করতে হবে;
৪.২.১৩. ভাষা হবে প্রমিত চলিত বাংলা;
৪.২.১৪. যুক্ত বর্ণ, র-ফলা, য-ফলা ইত্যাদি সীমিত হবে।

*ছক ১: ফন্ট, শব্দ, বাক্য সংক্রান্ত নীতিমালা*

| ক্রমিক | আইটেম | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | ৫ম শ্রেণি |
|---|---|---|---|---|---|---|
| ১ | ফন্ট সাইজ | বর্ণমালা: ৭২ পয়েন্ট<br>শব্দ: ৪৮ পয়েন্ট<br>বাক্য: ৩৬/৩০/২৪ | ১৬ পয়েন্ট | ১৪ পয়েন্ট | ১৪ পয়েন্ট | ১৪ পয়েন্ট |
| ২ | ছবি, চিত্র ও অংলকরণের অনুপাত | ৮০% ছবি, চিত্র ও অংলকরণে ২০%বর্ণ, শব্দ, বাক্য | ৭০% ছবি, চিত্র ও অংলকরণ ৩০%<br>বর্ণ, শব্দ, বাক্য | ৬০% ছবি, চিত্র ও অংলকরণ ৪০%<br>বর্ণ, শব্দ, বাক্য | ৫০% ছবি, চিত্র ও অংলকরণ ৫০%<br>বর্ণ, শব্দ, বাক্য | ৪০% ছবি, চিত্র ও অংলকরণ ৬০%<br>বর্ণ, শব্দ, বাক্য |
| ৩. | ভাষা | প্রমিত চলিত বাংলা | প্রমিত চলিত বাংলা | প্রমিত চলিত বাংলা | প্রমিত চলিত বাংলা | প্রমিত চলিত বাংলা |
| ৪. | শব্দ | ২/৩ বর্ণ; ফলা ও যুক্তাক্ষর থাকবেনা; চন্দ্রবিন্দু, খণ্ড ত ,অনুস্বার, বিসর্গ বর্জনীয় | ৪/৫ পর্যন্ত বর্ণ; অপরিহার্য ক্ষেত্র ব্যতীত যুক্তাক্ষর থাকবেনা; ছোট বাক্য | | | |
| ৫ | বাক্য | ২/৩ শব্দের সরল বাক্য | ৪/৫ শব্দের সরল বাক্য | অপেক্ষাকৃত দীর্ঘ বাক্য | - | - |

## ৫. বিষয়বস্তু

৫.১. সকল সম্পূরক পঠনসামগ্রী হতে হবে আর্কষণীয়, আনন্দদায়ক ও সহজবোধ্য ;

৫.২. সম্পূরক পঠনসামগ্রী প্রণয়নের শুরুতেই শিক্ষাক্রম, শিক্ষক সহায়িকা ও পাঠ্যপুস্তক বিশ্লেষণ ও পর্যালোচনা করতে হবে;

৫.৩. সম্পূরক পঠনসামগ্রীর বিষয়বস্তু, কাজ ও অলংকরণে শিক্ষাক্রমে বর্ণিত জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির প্রতিফলন থাকবে এবং বাস্তবমূখী প্রয়োগের (Meta-Learning) উপর ভিত্তি করে প্রণয়ন করতে হবে;

৫.৪. প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিশুদের বয়স, সামর্থ্য ও মানসিক পরিপক্কতা বিবেচনায় রেখে সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন করতে হবে;

৫.৫. বিষয়্বস্তুর উপস্থাপন হতে হবে কল্পনার জগতকে বিস্তৃতকরণ, যুক্তিবোধ এবং সৃজনশীলতা বিকাশে সহায়ক;

৫.৬. দেশাত্মবোধ মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধুর কথা;

৫.৭. শিশু মনস্তত্ত্ব ও বয়সোপযোগী বিষয়বস্তু;

৫.৮. বৈচিত্র্যপূর্ণ বিষয়বস্তু

৫.৯. প্রতিটি পঠনসামগ্রীতে সততা, নৈতিকতা, মানবিকতা, সম্মান ও শ্রদ্ধা প্রদর্শন, সহমর্মিতা, সহযোগিতা, সময়ানুবর্তিতা, কর্মনিষ্ঠা ইত্যাদির ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

৫.১০. কায়িক বা শারীরিক পরিশ্রমকে উৎসাহিত করে এমন গল্প, কবিতা;

৫.১১. প্রকৃতি ও জীবের প্রতি ভালোবাসা সম্পর্কিত বিষয়;

৫.১২. বাস্তব জীবন/পরিবেশকেন্দ্রিক উদাহরণ সম্বলিত বিষয়;

৫.১৩. সকল শ্রেণি/পেশার প্রতি শ্রদ্ধাবোধ জাগ্রত করার বিষয়বস্তু;

৫.১৪. প্রতিটি পঠন সামগ্রীতে যেন নৈতিকতা, সততা, সম্মান ও শ্রদ্ধা প্রদর্শন সহমর্মিতা, সহযোগিতা, সময়ানুবর্তিতা, কর্মনিষ্ঠা ইত্যাদির উপর শিখনের বিষয়বস্তু থাকে সেদিকে গুরুত্ব দিতে হবে;

৫.১৫.সম্পূরক পঠনসামগ্রীর বিষয়বস্তু, কাজ ও অলংকরণে শিক্ষাক্রমে বর্ণিত জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির প্রতিফলন থাকবে ;

৫.১৬. বিষয়্বস্তুর উপস্থাপন হতে হবে কল্পনার জগতকে বিস্তৃতকরণ, যুক্তিবোধ ও সৃজনশীলতার বিকাশে সহায়ক;

৫.১৭. শিশু মনস্তত্ত্ব ও বয়স উপযোগী বৈচিত্রপূর্ণ বিষয়বস্তু;

৫.১৮. কায়িক বা শারীরিক পরিশ্রমকে উৎসাহিত করে এমন গল্প, কবিতা, প্রবন্ধ;

৫.১৯. প্রকৃতি ও জীবের প্রতি ভালোবাসা সম্পর্কিত বিষয়;

৫.২০. শিশুর নিকট পরিবেশের উদাহরণ সম্বলিত বিষয়;

৫.২১. বিষয়বস্তুতে তথ্য ও ধারণাসমূহ প্রাসঙ্গিক, প্রামাণিক ও সাম্প্রতিক হতে হবে

৫.২২. ভবিষ্যৎ স্বপ্নদর্শনে উদ্বুদ্ধকরণের বিষয়;

৫.২৩. বিষয়বস্তুর অনুক্রম হবে জানা থেকে অজানা ,সহজ থেকে কঠিন, কাছে থেকে দূরে, মূর্ত থেকে বিমূর্ত।

## ৬. উপস্থাপনা

৬.১. রঙিন ও আকর্ষণীয়

৬.২. শ্রেণি উপযোগী ফন্ট সাইজ;

৬.৩. রং বাস্তবসম্মত ও ৪ (চার) রং ব্যবহার করতে হবে ;

৬.৪. সম্পূরক পঠনসামগ্রী প্রণয়নে বর্ণনার চেয়ে ছবি/ চিত্রের প্রাধান্য থাকবে, বিশেষ করে ১ম ও ২য় শ্রেণির জন্য;

৬.৫. জেন্ডার ও বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বিষয়টি বিবেচনা করতে হবে ।

## ৭. বিষয়ভিত্তিক সম্পুরক পঠন সামগ্রী

### ৭.১ ভাষা ও যোগাযোগ দক্ষতা

| ক্রমিক | থিম/ভাববস্তু | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | ৫ম শ্রেণি |
|---|---|---|---|---|---|---|
| ১ | বঙ্গবন্ধু, দেশাত্মবোধ ও মু-= যুদ্ধের কথা | • বঙ্গবন্ধুর জীবন ভিত্তিক গল্প, কবিতা, ছড়া, কমিকস;<br>• দেশকে জানা; গল্পের মাধ্যমে মুক্তিযুদ্ধ ভিত্তিক ছবি, ছড়া, কবিতা; | • বঙ্গবন্ধুর জীবন ভিত্তিক গল্প, কমিকস, কবিতা, ছড়া;<br>• মুক্তিযুদ্ধের বীরত্ব গাঁথা | • স্বাধীনতা অর্জনে বঙ্গবন্ধুর ভুমিকা নিয়ে গল্প<br>• মুক্তিযুদ্ধের বীরত্ব গাঁথা; স্বাধীনতা সংগ্রামের গল্প | • স্বাধীনতা অর্জনে বঙ্গবন্ধুর ভুমিকা নিয়ে গল্প<br>• দেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি নিয়ে ছবিসহ গল্প; মুক্তিযোদ্ধাদের ভুমিকা সম্পর্কিত গল্প | • দেশকে নিয়ে বঙ্গবন্ধুর স্বপ্ন<br>• দেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি নিয়ে ছবিসহ গল্প; বীরশ্রেষ্ঠদের ছবিসহ গল্প; মুক্তিযদ্ধে পাকবাহিনীর নৃশংসতা নিয়ে গল্প |
| ৩ | ছবি থেকে কিছু নতুন শব্দ শেখা | ছবি থেকে শব্দ, বাক্য বলা | ছবির মাধ্যমে গল্প বলা | ছবির মাধ্যমে গল্প বলা/লেখা | ছবির মাধ্যমে গল্প বলা/লেখা | ছবির মাধ্যমে গল্প বলা/লেখা |
| ৪ | ভাষা আয়ত্তকরণ ও ধ্বনি | ছবি, প্রচলিত ছড়া ও ছবি থেকে গল্প কাজ | ছবি, প্রচলিত ছড়া গল্প, শব্দ তৈরি ও ভাঙার খেলা ও | শব্দ তৈরী ও ভাঙার খেলা,গল্প,কবিত | গল্প,কবিতা,কথোপকথন,ধাঁধা, রূপকথা, | গল্প,কবিতা, কথোপকথন,ধাঁধা, রূপকথা, উপকথা |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | সচেতনতার জন্য বর্ণ , শব্দ ও বাক্যের সক্রিয় কাজ | | কাজ | কথোপকথন,ধাধাঁ , বিশিষ্ট ছড়াকারের ছড়া | উপকথা, শিশুতোষ বিদেশি গল্পের অনুবাদ | শিশুতোষ বিদেশি গল্পের অনুবাদ |
| ৫ | যোগাযোগের মৌলিক দক্ষতা অর্জন সহায়ক বিষয় | কথোপকথন, পরিচিত সম্পর্ক/ বিষয়ভিত্তিক শব্দের খেলা | গল্প আদলে ছবি ও বাক্যাংশ, নাটিকা | শব্দ তৈরী ও ভাঙার খেলা, গল্প, কবিতা, কথোপকথন, বিভিন্ন বিষয়ের সহজ সাবলীল বর্ণনা, ছোট ছোট চিঠি, | বিভিন্ন বিষয়ের সহজ সাবলীল বর্ণনা, ছোট ছোট চিঠি, গল্প, ব্যাকরণের মৌলিক বিষয়গুলো গল্পাকারে উপস্থাপন (ধ্বনাত্মক ও দ্বিরুক্ত শব্দের ব্যবহার); | গল্প, ব্যাকরণের মৌলিক বিষয়গুলো গল্পাকারে উপস্থাপন; |
| ৬ | কল্পনা, যুক্তিবোধ ও সৃজনশীলতার বিকাশ ঘটানোর বিষয় | পরিচিত শব্দ সম্পর্কিত পাতা, কাগজ দিয়ে জিনিসপত্র তৈরি, রং এর নাম | শব্দ শুনে ছবি চিহ্নিত করে ছবি আঁকা, রং এর ব্যবহার, পাতা, কাগজ দিয়ে জিনিসপত্র তৈরি, রং এর নাম | পাতা, কাগজ, মাটি দিয়ে জিনিসপত্র তৈরি, জ্যামিতিক রেখা অংকন, রং এর নাম ও রং করা | বিভিন্ন বাদ্যযন্ত্রের ছবি ও পরিচিতি, গান ও কবিতার সংকলন; পঞ্চেন্দ্রিয় নিয়ে গল্প তৈরী; বৈজ্ঞানিক কল্পকাহিনি; ভ্রমণকাহিনি | পঞ্চেন্দ্রিয় নিয়ে গল্প তৈরী; বৈজ্ঞানিক কল্পকাহিনি; ভ্রমণকাহিনি |
| ৭ | শিক্ষার্থীকে নির্মল আনন্দ প্রদান করে এমন বিষয় | লোককাহিনি,কিস্সা, রূপকথা, উপকথা, প্রচলিত ছড়া; | লোককাহিনি,কিস্সা, রূপকথা, উপকথা, প্রচলিত ছড়া,কবিতা | মজার মজার খেলার কৌশল,গল্প, ছড়া, কবিতা | মজার মজার খেলার কৌশল,গল্প, ছড়া, কবিতা,নাটক | মজার মজার খেলার কৌশল,গল্প, ছড়া, কবিতা,নাটক |

## ৭.২. বিজ্ঞান ও গণিত

| ক্রমিক | থিম/ভাববস্তু | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | ৫ম শ্রেণি |
|---|---|---|---|---|---|---|
| ১ | সংখ্যার জন্ম ও উৎপত্তি | | সংখ্যার জন্ম ও উৎপত্তি নিয়ে গল্প | সংখ্যার জন্ম ও উৎপত্তি নিয়ে গল্প | সংখ্যার জন্ম ও উৎপত্তি নিয়ে গল্প | সংখ্যার জন্ম ও উৎপত্তি নিয়ে গল্প |
| ২. | প্রখ্যাত গণিতবিদ ও বৈজ্ঞানিকদের জীবন ও কর্ম সম্পর্কে ধারণা | | প্রখ্যাত গণিতবিদ ও বৈজ্ঞানিকদের জীবন ও কর্ম সম্পর্কে ধারণা | প্রখ্যাত গণিতবিদ ও বৈজ্ঞানিকদের জীবন ও কর্ম সম্পর্কে ধারণা | প্রখ্যাত গণিতবিদ ও বৈজ্ঞানিকদের জীবন ও কর্ম সম্পর্কে ধারণা | প্রখ্যাত গণিতবিদ ও বৈজ্ঞানিকদের জীবন ও কর্ম সম্পর্কে ধারণা |
| ৩. | গণিতের যে সকল বিষয়বস্তু যেমন ভগ্নাংশ, দশমিক সংখ্যা, শতকরা ইত্যাদি সহজভাবে বোঝানোর জন্য গল্প, ছড়া বিশেষ করে গাণিতিক খেলার মাধ্যমে ধারণা প্রদান | | গণিতের যে সকল বিষয়বস্তু যেমন ভগ্নাংশ, দশমিক সংখ্যা, শতকরা ইত্যাদি সহজভাবে বোঝানোর জন্য গল্প, ছড়া বিশেষ করে গাণিতিক খেলার মাধ্যমে ধারণা প্রদান | গণিতের যে সকল বিষয়বস্তু যেমন ভগ্নাংশ, দশমিক সংখ্যা, শতকরা ইত্যাদি সহজভাবে বোঝানোর জন্য গল্প, ছড়া বিশেষ করে গাণিতিক খেলার মাধ্যমে ধারণা প্রদান | গণিতের যে সকল বিষয়বস্তু যেমন ভগ্নাংশ, দশমিক সংখ্যা, শতকরা ইত্যাদি সহজভাবে বোঝানোর জন্য গল্প, ছড়া বিশেষ করে গাণিতিক খেলার মাধ্যমে ধারণা প্রদান | গণিতের যে সকল বিষয়বস্তু যেমন ভগ্নাংশ, দশমিক সংখ্যা, শতকরা ইত্যাদি সহজভাবে বোঝানোর জন্য গল্প, ছড়া বিশেষ করে গাণিতিক খেলার মাধ্যমে ধারণা প্রদান |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪. | গাণিতিক ছড়া, গান ও গল্পের (রূপকথা, উপকথা, লোককথা) মাধ্যমে পরোক্ষভাবে গাণিতিক ধারণা এবং গণিত শিক্ষা প্রদান | | গাণিতিক ছড়া, গান ও গল্পের (রূপকথা, উপকথা, লোককথা) মাধ্যমে পরোক্ষভাবে গাণিতিক ধারণা এবং গণিত শিক্ষা প্রদান | গাণিতিক ছড়া, গান ও গল্পের (রূপকথা, উপকথা, লোককথা) মাধ্যমে পরোক্ষভাবে গাণিতিক ধারণা এবং গণিত শিক্ষা প্রদান | গাণিতিক ছড়া, গান ও গল্পের (রূপকথা, উপকথা, লোককথা) মাধ্যমে পরোক্ষভাবে গাণিতিক ধারণা এবং গণিত শিক্ষা প্রদান | গাণিতিক ছড়া, গান ও গল্পের (রূপকথা, উপকথা, লোককথা) মাধ্যমে পরোক্ষভাবে গাণিতিক ধারণা এবং গণিত শিক্ষা প্রদান |
| ৫. | সংখ্যা, ভগ্নাংশ, দশমিক, শতকরা ইত্যাদি ব্যবহার করে দৈনন্দিন জীবনের কার্যাদি সম্পাদনের গল্প, ছড়া | | সংখ্যা, ভগ্নাংশ, দশমিক, শতকরা ইত্যাদি ব্যবহার করে দৈনন্দিন জীবনের কার্যাদি সম্পাদনের গল্প, ছড়া | সংখ্যা, ভগ্নাংশ, দশমিক, শতকরা ইত্যাদি ব্যবহার করে দৈনন্দিন জীবনের কার্যাদি সম্পাদনের গল্প, ছড়া | সংখ্যা, ভগ্নাংশ, দশমিক, শতকরা ইত্যাদি ব্যবহার করে দৈনন্দিন জীবনের কার্যাদি সম্পাদনের গল্প, ছড়া | সংখ্যা, ভগ্নাংশ, দশমিক, শতকরা ইত্যাদি ব্যবহার করে দৈনন্দিন জীবনের কার্যাদি সম্পাদনের গল্প, ছড়া |
| ৫ | জ্যামিতির বিষয়সমূহ বাস্তব উপকরণের মাধ্যমে উপস্থাপন করতে হবে। | | | | জ্যামিতির বিষয়সমূহ বাস্তব উপকরণের মাধ্যমে উপস্থাপন করতে হবে। | জ্যামিতির বিষয়সমূহ বাস্তব উপকরণের মাধ্যমে উপস্থাপন করতে হবে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬ | গণিতের বিভিন্ন বিষয়বস্তুর বাস্তব জীবনে ব্যবহার বা প্রয়োগ সংক্রান্ত গল্প | | গণিতের বিভিন্ন বিষয়বস্তুর বাস্তব জীবনে ব্যবহার বা প্রয়োগ সংক্রান্ত গল্প | গণিতের বিভিন্ন বিষয়বস্তুর বাস্তব জীবনে ব্যবহার বা প্রয়োগ সংক্রান্ত গল্প | গণিতের বিভিন্ন বিষয়বস্তুর বাস্তব জীবনে ব্যবহার বা প্রয়োগ সংক্রান্ত গল্প | গণিতের বিভিন্ন বিষয়বস্তুর বাস্তব জীবনে ব্যবহার বা প্রয়োগ সংক্রান্ত গল্প |
| ৭ | বিভিন্ন রকম স্ট্রাকচার / মডেল, অরিগামী তৈরি সংক্রান্ত সম্পূরক পঠনসামগ্রী | | বিভিন্ন রকম স্ট্রাকচার / মডেল, অরিগামী তৈরি সংক্রান্ত সম্পূরক পঠনসামগ্রী | বিভিন্ন রকম স্ট্রাকচার / মডেল, অরিগামী তৈরি সংক্রান্ত সম্পূরক পঠনসামগ্রী | বিভিন্ন রকম স্ট্রাকচার / মডেল, অরিগামী তৈরি সংক্রান্ত সম্পূরক পঠনসামগ্রী | বিভিন্ন রকম স্ট্রাকচার / মডেল, অরিগামী তৈরি সংক্রান্ত সম্পূরক পঠনসামগ্রী |
| ৮ | প্রযুক্তি এবং এর নিরাপদ ব্যবহার | প্রযুক্তি এবং এর নিরাপদ ব্যবহার | প্রযুক্তি এবং এর নিরাপদ ব্যবহার | প্রযুক্তি এবং এর নিরাপদ ব্যবহার | প্রযুক্তি এবং এর নিরাপদ ব্যবহার | প্রযুক্তি এবং এর নিরাপদ ব্যবহার |
| ৯ | পরিবেশের প্রতিকূলতা, জলবায়ু পরিবর্তনের প্রভাব ও প্রাকৃতিক দুর্যোগ এবং এ সকল পরিস্থিতি মোকাবিলা ও খাপ খাওয়ানোর জন্য প্রয়োজনীয় জীবন-দক্ষতা অর্জন | পরিবেশের প্রতিকূলতা, জলবায়ু পরিবর্তনের প্রভাব ও প্রাকৃতিক দুর্যোগ এবং এ সকল পরিস্থিতি মোকাবিলা ও খাপ খাওয়ানোর জন্য প্রয়োজনীয় জীবন-দক্ষতা অর্জন | পরিবেশের প্রতিকূলতা, জলবায়ু পরিবর্তনের প্রভাব ও প্রাকৃতিক দুর্যোগ এবং এ সকল পরিস্থিতি মোকাবিলা ও খাপ খাওয়ানোর জন্য প্রয়োজনীয় জীবন-দক্ষতা অর্জন | পরিবেশের প্রতিকূলতা, জলবায়ু পরিবর্তনের প্রভাব ও প্রাকৃতিক দুর্যোগ এবং এ সকল পরিস্থিতি মোকাবিলা ও খাপ খাওয়ানোর জন্য প্রয়োজনীয় জীবন-দক্ষতা অর্জন | পরিবেশের প্রতিকূলতা, জলবায়ু পরিবর্তনের প্রভাব ও প্রাকৃতিক দুর্যোগ এবং এ সকল পরিস্থিতি মোকাবিলা ও খাপ খাওয়ানোর জন্য প্রয়োজনীয় জীবন-দক্ষতা অর্জন | পরিবেশের প্রতিকূলতা, জলবায়ু পরিবর্তনের প্রভাব ও প্রাকৃতিক দুর্যোগ এবং এ সকল পরিস্থিতি মোকাবিলা ও খাপ খাওয়ানোর জন্য প্রয়োজনীয় জীবন-দক্ষতা |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | অর্জন |
| ১০ | উপসাগর (বঙ্গোপসাগর), সাগর, মহাসাগর ও মহাকাশ | উপসাগর (বঙ্গোপসাগর), সাগর, মহাসাগর ও মহাকাশ | উপসাগর (বঙ্গোপসাগর), সাগর, মহাসাগর ও মহাকাশ | উপসাগর (বঙ্গোপসাগর), সাগর, মহাসাগর ও মহাকাশ | উপসাগর (বঙ্গোপসাগর), সাগর, মহাসাগর ও মহাকাশ | উপসাগর (বঙ্গোপসাগর), সাগর, মহাসাগর ও মহাকাশ |
| ১১ | কীটনাশকের ব্যবহার ও ক্ষতিকর দিক | | | কীটনাশকের ব্যবহার ও ক্ষতিকর দিক | কীটনাশকের ব্যবহার ও ক্ষতিকর দিক | কীটনাশকের ব্যবহার ও ক্ষতিকর দিক |
| ১২ | কৃষি, নার্সারী (বাগান ও ছাদ বাগান), মৎস, পশুপাখি পরিচিতি ও বনায়ন | কৃষি, নার্সারী (বাগান ও ছাদ বাগান), মৎস, পশুপাখি পরিচিতি ও বনায়ন | কৃষি, নার্সারী (বাগান ও ছাদ বাগান), মৎস, পশুপাখি পরিচিতি ও বনায়ন | কৃষি, নার্সারী (বাগান ও ছাদ বাগান), মৎস, পশুপাখি পরিচিতি ও বনায়ন | কৃষি, নার্সারী (বাগান ও ছাদ বাগান), মৎস, পশুপাখি পরিচিতি ও বনায়ন | কৃষি, নার্সারী (বাগান ও ছাদ বাগান), মৎস, পশুপাখি পরিচিতি ও বনায়ন |
| ১৩ | পরিবেশ সচেতনতা | পরিবেশ সচেতনতা | পরিবেশ সচেতনতা | পরিবেশ সচেতনতা | পরিবেশ সচেতনতা | পরিবেশ সচেতনতা |
| ১৪ | প্রকৃতি এবং প্রাকৃতিক ঘটনাসমূহ | প্রকৃতি এবং প্রাকৃতিক ঘটনাসমূহ | প্রকৃতি এবং প্রাকৃতিক ঘটনাসমূহ | প্রকৃতি এবং প্রাকৃতিক ঘটনাসমূহ | প্রকৃতি এবং প্রাকৃতিক ঘটনাসমূহ | প্রকৃতি এবং প্রাকৃতিক ঘটনাসমূহ |
| ১৫ | গাছপালা, ফুল, ফল, নদী ও সাগরের নাম জানা ও সেগুলোর প্রতি ভালোবাসা | গাছপালা, ফুল, ফল, নদী ও সাগরের নাম জানা ও সেগুলোর প্রতি ভালোবাসা | গাছপালা, ফুল, ফল, নদী ও সাগরের নাম জানা ও সেগুলোর প্রতি ভালোবাসা | গাছপালা, ফুল, ফল, নদী ও সাগরের নাম জানা ও সেগুলোর প্রতি ভালোবাসা | গাছপালা, ফুল, ফল, নদী ও সাগরের নাম জানা ও সেগুলোর প্রতি ভালোবাসা | গাছপালা, ফুল, ফল, নদী ও সাগরের নাম জানা ও সেগুলোর প্রতি ভালোবাসা |

১. বৈজ্ঞানিক এবং গাণিতিক তত্ত্বগত ধারণা স্পষ্ট, আকর্ষণীয়, আনন্দদায়ক ও সহজবোধ্য করার জন্য পর্যাপ্ত বিষয়বস্তু ও কাজ থাকবে।

২. বিজ্ঞান ও গণিতের বিমূর্ত বিষয়বস্তুসমূহ ডিজিটাল কন্টেন্টের মাধ্যমে উপস্থাপন করতে হবে।

৩. গণিতের পঠনসামগ্রী প্রণয়নের পাশাপাশি বিভিন্নরকম গাণিতিক খেলার (Games ) এবং পাজলের (Puzzle) প্রাধান্য থাকতে হবে।

৪. সম্পূরক পঠনসামগ্রীতে প্রকৃতি এবং প্রাকৃতিক ঘটনাসমূহ পর্যবেক্ষণ, ধারনা উন্নয়ন এবং সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য পর্যাপ্ত বিষয়বস্তু ও ব্যবহারিক অনুশীলন থাকতে হবে।

৫. পরিবেশ সচেতনতা তৈরি হয় এমন বিষয়াবলি অন্তর্ভুক্ত থাকতে হবে

৬. পলিথিন ও এর বিকল্প ব্যবহারের ভালো দিক ও মন্দ দিক উল্লেখ করতে হবে।

৭. কৃষি, নার্সারী (বাগান ও ছাদ বাগান), মৎস, পশুপাখি পরিচিতি ও বনায়নে আগ্রহী করে তোলে এমন বিষয়বস্তুর সহজ
উপস্থাপনা থাকতে হবে।

৮. গাছপালা, ফুল, ফল, নদী ও সাগরের নাম জানা ও সেগুলোর প্রতি ভালোবাসা জন্মে এমন বিষয়বস্তু থাকতে হবে।

৭.৩. বিষয়: বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

| | বিষয়বস্তু | শ্রেণি-প্রথম | শ্রেণি-দ্বিতীয় | শ্রেণি- তৃতীয় | শ্রেণি-চতুর্থ | শ্রেণি-পঞ্চম |
|---|---|---|---|---|---|---|
| ১ | বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ | বঙ্গবন্ধুকে চেনা ও জানা ছবির মাধ্যমে জাতীয় পতাকা,জাতীয় মানচিত্র ও জাতীয় সংগীত / বীরত্বগাঁথা | স্বাধীনতা অর্জনে বঙ্গবন্ধুর ভূমিকা নিয়ে গল্প / বাঙালির ইতিহাস ও মুক্তিযুদ্ধ/ কিশোর মুক্তিযোদ্ধার গল্প/শহিদ মতিউর | অধিকার সচেতন বঙ্গবন্ধু / ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধ | মুক্তিযুদ্ধ/ কিশোর মুক্তিযোদ্ধার গল্প/ মুক্তিযুদ্ধে বিদেশি বন্ধুরা/ জাতীয় চার নেতা | সংগ্রামী বঙ্গবন্ধু /বীরত্ব গাঁথায় মুক্তিযুদ্ধ/ বীরশ্রেষ্ঠ ও শহিদ মুক্তিযোদ্ধা/ গণহত্যা/ খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা |
| ২ | ইউনেস্কো ঘোষিত সাংস্কৃতিক ঐতিহ্য | বাংলা নববর্ষের মঙ্গল শোভাযাত্রা | রিকশা চিত্র/ নৌকা বাইচ/ শীতলপাটি | জামদানি | বাউল | সুন্দরবন, বঙ্গবন্ধুর ৭ ই মার্চের ভাষণ |
| ৩ | ঐতিহাসিক ঘটনা | বাংলাশের জন্ম | ভাষা আন্দেঅলন এবং রফিক,শফিক,জব্বার,বরকতের কথা | তিতুমীর,কিশোর শহিদ মতিউর,৬৯ এর কথা | সূর্যসেন,প্রীতিলতার কথা | নেতাজী সুভাসচন্দ্র বসুর ছেলেবেলা |
| ৪ | জাতীয় দিবস | স্বাধীনতা দিবস | বিজয় দিবস | আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | শহিদ বুদ্ধিজীবী দিবস | জাতীয় শোক দিবস |
| ৫ | স্বাধীনতার স্মৃতি বিজড়িত সৌধ/ স্থাপনা | বঙ্গবন্ধুর ৩২ নম্বর বাড়ি | শহীদ মিনার | মেহেরপুর আম্রকানন | জাতীয় স্মৃতিসৌধ | রায়ের বাজার বধ্যভূমি |
| ৬ | পাকিস্তানি হানাদার বাহিনী, রাজাকার,আল- | বাঙ্গালীর আত্মত্যাগের গল্প | ২৫ মার্চের কালো রাত্রি/ অপারেশন সার্চ লাইট | গণহত্যা ও গণকবর | বুদ্ধিজীবি হত্যা ও বধ্যভূমি | গণহত্যা ও নারী নির্যাতন -সুন্দরীবালা |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | বদর,আল-শামস বাহিনীর নিধনযজ্ঞ ও বাঙ্গালীর আত্মত্যাগ | | | | | |
| ৭ | জাতীয় পদক / পুরস্কার | ২১শে পদক | শশু একাডেমি পুরস্কার | স্বাধীনতা পদক | বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার; | রাষ্ট্রীয় বীরত্বসূচক পুরস্কার |
| ৮ | বাংলাদেশের ফুল, ফল, পাখি,পশু, প্রাণি | শাপলাসহ নানরকম ফুলের কথা | দোয়েল সহ বিভিন্ন পাখি | কাঁঠালসহ বাংলাদেশের ফল | গৃহপালিত পশু | বনের পশু ও রয়েল বেঙ্গল টাইগারসহ বিভিন্ন পশু |
| ৯ | নদ,নদী, পুকুর, খাল,বিল, হাওর, সাগর | পুকুর, খাল,বিল | হাওর | নদ-নদী | সাগর | মহাসাগর |
| ১০ | শস্য, ফলজ ,বনজ ইত্যাদি সম্পদ | শস্যের কথা | ফলজ বৃক্ষ | ঔষধি উদ্ভিদ | কাঠ জাতীয় বৃক্ষ | বনজ উদ্ভিদ |
| ১১ | বিভিন্ন ধরনের মাছ | দেশীয় মাছ | সামুদ্রিক মাছ | মাছ চাষ | জাতীয় মাছ ইলিশ | জাটকা ইলিশ নিধনে সচেতনতা |
| ১২ | মেলা উৎসব ,যাত্রা, পালাগান | বৈশাখী, চৈত্র ও পৌষ মেলা | মুকাভিনয় ও সার্কাস | যাত্রা, পালাগান, পুতুল নাচ,কবি গান | ঈদ, দূর্গাপূজা, বড়দিন, বৌদ্ধপূর্ণিমা | মঞ্চ নাটক, পথ নাটক |
| ১৩ | সংগীত, সংগীতজ্ঞ ও বরেন্য সংগীত শিল্পীর | রবীন্দ্র ও নজরুল সংগীত | রণসংগীত/ গণ সংগীত/ | মরমী গান | জারী, সারী , ভাওয়াইয়া, | উচ্চাঙ্গ সঙ্গীত |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | কথা | রবীন্দ্রনাথ ঠাকুর<br>কাজী নজরুল ইসলাম | দেশাত্ববোধক<br>দিজেন্দ্রলাল রায়, অতুলপ্রসাদ | লালন শাহ , হাসন রাজা, রাধারমন ,শাহ আব্দুল করিম | ভাটিয়ালি<br>আব্বাসউদ্দীন, আবদুল আলীম | ওস্তাদ আলাউদ্দিন খাঁ , আয়াত আলী খাঁ |
| ১৪ | স্মরণীয় ব্যক্তিত্বের জীবনী | বিদ্যাসাগর, উপেন্দ্র কিশোর রায় চৌধুরী, কাজী নজরুল ইসলাম | বেগম রোকেয়া/সুফিয়া কামাল, সুকুমার রায় | রনদা প্রসাদ সাহা, জাহানারা ইমাম, নূরজাহান বেগম(বেগম পত্রিক), জীবনান্দ দাস | নওয়াব ফয়জুননেছা,রাজা রামমোহন রায়, সৈয়দ শামসুল হক | কাজী মোহাম্মদ মহসিন , বঙ্গমাতা ফজিলুতেন্নেছা, শামসুর রাহমান |
| ১৫ | বিভিন্ন ধরনের যানবাহন | গরুর গাড়ী, রিকশা, পালকি | ভেলা, নৌকা | লঞ্চ,ষ্টীমার | বাস, ট্রেন, মেট্রোরেল | উড়োজাহাজ, হেলিকপ্টার, রকেট |
| ১৬ | বাংলাদেশের খেলাধুলা | লুকোচুরি,মোরগ লড়াই, কানামাছি | দড়িলাফ,গোল্লাছুট,বউচি, | কাবাডি,এক্কা দোক্কা,ডাংগুলি | ভলিবল, টেনিস, ব্যাডমিন্টন | ক্রিকেট,ফুটবল,হকি, দাবা |
| ১৭ | সহমর্মিতা, সম্প্রীতি, দেশপ্রেম,মানবিকতা | ব্যক্তিগত নিরাপত্তা, সহমর্মিতা, বিশেষ চাহিদা সম্পন্ন শিশু | পরমত সহিষ্ণুতা,ধর্ম সহিষ্ণুতা গল্পের আকারে | মানবিকতা ,ন্যায়পরয়নতা সম্প্রীতি | পারিবারিক ও সামাজিক মূল্যবোধ | পরার্থপরতা ও জেন্ডার ইক্যুয়িটি |
| ১৮ | নৃ-জনগোষ্ঠি | ছবির মাধ্যমে নৃ-জনগোষ্ঠীর পরিচয় | নৃ-জনগোষ্ঠির ভাষা | নৃ-জনগোষ্ঠির<br>পোশাক,খাদ্য | পারিবারিক রীতি ও বিবাহ | সংস্কৃতি ও উৎসব |
| ১৯ | কুসংস্কার | পারিবারিক কুসংস্কার | সামাজিক কুসংস্কার | চিকিৎসায় কুসংস্কার | ধর্মীয় কুসংস্কার | বাল্যবিবাহ |
| ২১ | শিশু অধিকার | শিশু শ্রম | শিশু নির্যাতন | শিশু অধিকার | শিশু পাচার,শিশু অধিকার সুরক্ষা আইন, খারাপ-ভাল | শিশু উত্যক্তকরণ ও ইভ টিজিং , খারাপ- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | স্পর্শ | ভাল স্পর্শ |
| ২২ | সৃজনশীলতা ও নান্দনিকতা | চিত্রকরা ও কারুকলা পরিচয় | হাতে কলমে চিত্রকলা/ কাগজের মন্ড | কাগজের শিল্পকর্ম(অরিগামী) | নৃত্য, গান ও আবৃত্তি | হাতে কলমে মৃৎ শিল্প |
| ২৩ | ব্যাক্তিগত নিরাপত্তা ও স্বাস্থ্য সচেতনতা | ব্যাক্তিগত নিরাপত্তার ধারণা | ব্যাক্তিগত নিরাপত্তার ধারণা, পরিষ্কার পরিচ্ছন্নতা | বিভিন্ন প্রকার রোগ সম্পর্কে ধারণা | বিভিন্ন প্রকার রোগ প্রতিরোধে সচেতনতা | প্রাথমিক ও অন্যান্য চিকিৎসা |
| ২৪ | আত্ম-ব্যবস্থাপনা | নিজের ব্যবহার্য দ্রব্যাদি গুছিয়ে রাখা | নিজের আশপাশ এবং শ্রেণিকক্ষ পরিচ্ছন্ন রাখা | মা-বাবাকে বাড়ির কাজে সাহায্য করা | বাড়ির গুরুজন এবং বন্ধুবান্ধবদের বিভিন্ন কাজে সহায়তা করা | নিজের কাপড় ধোয়া, বাথরুম পরিষ্কার রাখা |
| ২৫ | বিশেষ চাহিদাসম্পন্নদের প্রতি সহমর্মিতা | বিশেষ চাহিদাসম্পন্নদের অসুবিধাগুলো নিয়ে গল্প | বিশেষ চাহিদাসম্পন্নদের প্রতি দায়বদ্ধতা | সহপাঠি বিশেষ চাহিদাসম্পন্নদের প্রতি সহমর্মিতার গল্প | নিকট পরিবেশে বিশেষ চাহিদাসম্পন্নদের সফলতার গল্প | বিখ্যাত বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের গল্প |
| ২৬ | বিভিন্ন দেশকে জানা | বিভিন্ন দেশের খেলাধুলা | বিভিন্ন দেশের পোষাক-পরিচ্ছদ ও খাবার দাবার | বিভিন্ন দেশের উৎসব | বিভিন্ন দেশের প্রকৃতি ও পরিবেশ | বিভিন্ন দেশের বিদ্যালয় |

প্রফেসর কুররাতুল আয়েন সফদার
বিসিএস (সাধারণ শিক্ষা), আইডি (৯৩৪০)
উর্ধ্বতন বিশেষজ্ঞ
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
শিক্ষা মন্ত্রণালয়

প্রফেসর ড. এ কে এম রিয়াজুল হাসান (২৩৫৯)
সদস্য (প্রাথমিক শিক্ষাক্রম)
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

## ২৭/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত ৭৩৫-তম জরুরি বোর্ড সভার ০১নং সিদ্ধান্ত:

| প্রস্তাব | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|
| ১. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক পরিমার্জিত শিক্ষাক্রম- ২০২১ এর আলোকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে 'সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা' চূড়ান্ত করা হয়। চূড়ান্তকৃত 'সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা' অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ (নথি নং: এনসিটিবি/প্রাশিউ/এসআরএম/২০১৯) | সভায় চেয়ারম্যান মহোদয় সদস্য (প্রাথমিক শিক্ষাক্রম)-কে আলোচনার বিষয়টি উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। সদস্য (প্রাথমিক শিক্ষাক্রম) উল্লেখ করেন যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রজ্ঞাপন-এর স্মারক নং: ৩৮.০০.০০০০.০০৯.০০১.১৭-৬৫, তারিখ: ১১ এপ্রিল, ২০১৯ এ জাতীয় শিক্ষানীতি ২০১০, নির্বাচনি ইশতেহার ২০১৮ এবং এসডিজি-৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রাথমিক শিক্ষায় সম্পূরক পঠন সামগ্রী নির্বাচন ও প্রণয়ন সংক্রান্ত নীতিমালা প্রস্তুত করার লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক কমিটি গঠন করা হয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক পরিমার্জিত শিক্ষাক্রম - ২০২১ এর আলোকে 'সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা' চূড়ান্ত করা হয়েছে।<br><br>সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা : পাঠ্যপুস্তক সহায়ক অন্য যে পঠনসামগ্রী শিক্ষার্থীর শিখন প্রক্রিয়া সহজ, আনন্দময়, বিস্তৃত, কার্যকর ও তরান্বিত করে শিক্ষাক্রমে বর্ণিত জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনে সহায়ক হিসেবে কাজ করে সম্পূরক পঠনসামগ্রী। উল্লেখ্য, সম্পূরক পঠন সামগ্রী কখনোই পাঠ্যপুস্তকের বিকল্প নয়। প্রাথমিক স্তরে প্রচলিত শিক্ষা-কার্যক্রমকে অধিকতর ফলপ্রসূ করার জন্য প্রয়োজন অনুযায়ী সময় উপযোগী করে শিক্ষাক্রম পরিমার্জন করে থাকে। শিক্ষাক্রমের আলোকে পাঠ্যপুস্তকের সম্পূরক উপযুক্ত পঠনসামগ্রী উন্নয়ন ও নির্বাচন করার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করে "সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা" প্রণয়ন করা হয়েছে যা অনুসরণ করে শিশুদের বয়সোপযোগী, চিত্তাকর্ষক, উপযুক্ত ও প্রাসঙ্গিক পঠনসামগ্রী প্রতিটি বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের হাতে তুলে দেওয়া হবে। প্রাথমিক পর্যায়ের ১ম-৫ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের ব্যবহারের জন্য এ সম্পূরক পঠনসামগ্রী ব্যবহৃত হবে। চূড়ান্তকৃত 'সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা' অনুমোদনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>আলোচনান্তে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক পরিমার্জিত শিক্ষাক্রম- ২০২১ এর আলোকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে চূড়ান্তকৃত 'সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা' অনুমোদন করা যায় মর্মে সকল সদস্য একমত পোষণ করেন। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক পরিমার্জিত শিক্ষাক্রম- ২০২১ এর আলোকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে চূড়ান্তকৃত 'সম্পূরক পঠনসামগ্রী প্রণয়ন ও নির্বাচন নীতিমালা' অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | সদস্য (প্রাথমিক শিক্ষাক্রম) |

সত্যায়িত
27/12/2022
সচিব
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
বাংলাদেশ